



THE WORLD BANK

Working for a World
Free of Poverty

NEWS RELEASE

পদ্মা সেতু তদন্ত: ১লা ডিসেম্বর দ্বিতীয় সফরে ঢাকায় আসবে এক্সটারনাল প্যানেল

ঢাকা, ২৮ নভেম্বর, ২০১২- আর্থজ্ঞাতিক খ্যাতিসম্পন্ন দূর্নীতি বিরোধী বিশেষজ্ঞদের নিয়ে গঠিত এক্সটারনাল প্যানেল আগামী ১ ডিসেম্বর ঢাকায় পৌছাবে। দ্বিতীয় সফরে এক্সটারনাল প্যানেল, দূর্নীতি দমন কমিশনের(দুদক) পদ্মা সেতু প্রকল্পে দূর্নীতির তদন্ত আরঙ্গের অগ্রগতি পর্যালোচনা করবে।

গত ৫ অক্টোবর আর্থজ্ঞাতিক বিশেষজ্ঞদের নিয়ে তিনি সদস্যের প্যানেল গঠনের ঘোষণা দেয় বিশ্বব্যাংক। এই দলের প্রধান আর্থজ্ঞাতিক অপরাধ আদালতের (আই সি সি) সাবেক প্রধান আইনজীবী লুই গ্যাবরিয়েল মোরেনো ওকাম্পো। প্যানেলের অন্য দুই সদস্য হলেন হংকং এর দূর্নীতি বিরোধী স্বাধীন কমিশনের সাবেক কমিশনার টিমোথি টং ও যুক্তরাজ্যের সিরিয়াস ফ্রড অফিসের সাবেক পরিচালক রিচার্ড এ্যান্ডারম্যান।

”বাংলাদেশের জনগণ জানে যে পদ্মা সেতু দক্ষিণ-পশ্চিম অংশের অর্থনীতিতে ব্যপক পরিবর্তন আনবে ও দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত করবে। তারা চায় যে সেতুটির নির্মান দূর্নীতিমুক্ত হোক কেননা দূর্নীতি গরীবের টাকা কেড়ে নেয়।” বলেন এলেন গোল্ডস্টেইন, বিশ্ব ব্যাংক বাংলাদেশের কান্ট্রি ডাইরেক্টর। তিনি আরো বলেন ”আর্থজ্ঞাতিকভাবে স্বীকৃত বিশেষজ্ঞদের নিয়ে গঠিত প্যানেলটি বিশ্বব্যাংক ও প্রকল্পের অন্যান্য উন্নয়ন সহযোগীদেরকে সরকারের তদন্তের পর্যাপ্ততা বিষয়ে পরামর্শ দিবে।”

পদ্মা সেতুর অর্থায়নের বিষয়টির সাথে উর্ধ্বতন সরকারী ব্যক্তিবর্গ ও কর্মকর্তাদের দূর্নীতিতে জড়িত থাকার বিশ্বাসযোগ্য তথ্য-প্রমাণ সরকারকে একাধিকবার তুলে ধরার পরও সরকারের কাছ থেকে যথাযথ সাড়া না পাওয়ার কারনে বিশ্ব ব্যাংক ১.২ বিলিয়ন ডলারের খণ গত ২৯ জুন, ২০১২ তে বাতিল করে।

এর পরবর্তীতে বেশকিছু পদক্ষেপ গ্রহন করা হয় ও গত ২০ সেপ্টেম্বর ২০১২ তারিখে সরকার নিম্নোক্ত বিষয়গুলোতে সম্মত হয় যে:

- তদন্ত শেষ না হওয়া পর্যন্ত প্রকল্পে দূর্নীতির সঙ্গে জড়িত সন্দেহভাজন সকল সরকারী কর্মকর্তা ও ব্যক্তিবর্গকে সরকারী দায়িত্ব পালন থেকে ছুটি প্রদান;
- এই অভিযোগ তদন্তের জন্য বাংলাদেশ দূর্নীতি দমন কমিশনে একটি বিশেষ তদন্ত ও আইনি দল গঠন;
- আর্থজ্ঞাতিকভাবে স্বীকৃত বিশেষজ্ঞদের নিয়ে গঠিত একটি এক্সটারনাল প্যানেলের কাছে তদন্ত সংশ্লিষ্ট সকল তথ্য প্রাপ্তি নিশ্চিত করা যাতে এই প্যানেল তদন্তের ব্যাপকতা ও সুষ্ঠুতার ব্যাপারে উন্নয়ন সহযোগীদের পরামর্শ দিতে পারে।
- বিকল্প বাস্তবায়ণ পত্র অবলম্বন যাতে বিশ্ব ব্যাংক ও উন্নয়ন সহযোগীদের ক্রয় প্রক্রিয়া আরো নিবিড় পর্যবেক্ষণ সম্ভব হবে।

সরকার পদ্মা সেতুর অর্থায়নের বিষয়টি বিশ্ব ব্যাংককে আবারো বিবেচনা করার জন্য অনুরোধ জানানোর প্রেক্ষিতে প্যানেলটি গঠন করা হয়। এক্সটারনাল প্যানেল গত ১৪ অক্টোবর ২০১২ তে প্রথম ঢাকা সফরে এসেছিলো। প্রথম সফরে প্যানেলটি দুদকের এবিষয়ে এ্যাবত কার্যক্রম ও বাংলাদেশী আইন ও আইনি প্রক্রিয়া সমন্বে অবগত হন। প্যানেলটি দুর্নীতি দমন কমিশনের সাথে কিভাবে কাজ করবে তা নিয়ে আলোচনা করে এবং দুদককে প্রাথমিক অনুসন্ধান থেকে তদন্ত পর্যায়ে অগ্রসর হতে উৎসাহ দেয়। পরবর্তীতে বিশ্ব ব্যাংকের ইন্টিগ্রিটি ভাইস প্রেসিডেন্টসি দুদককে ১৩ নভেম্বর ২০১২ তে আরো তথ্য প্রদান করে।

এক্সটারনাল প্যানেলের সফরের ঠিক আগে, পদ্মা সেতুর উন্নয়ন সহযোগীরা বিকল্প বাস্তবায়ন ব্যবস্থা নিয়ে প্রাথমিক আলোচনা করতে ম্যানিলায় মিলিত হয়েছে। দুর্নীতি তদন্তে পর্যাপ্ত অগ্রগতির উপর নির্ভর করবে প্রকল্প বাস্তবায়ন।

Contacts:

In Washington: Gabriela Aguilar, (202) 473-8955, gaguilar2@worldbank.org

In Dhaka: Mehrin Ahmed Mahbub, (880-2) 8159001, mmahbub@worldbank.org

For more information, please visit: <http://www.worldbank.org/bd>
Visit us on Facebook: <http://www.facebook.com/worldbankbangladesh>